

# তোমার স্মৃতি

যখন হ'য়েছিল দেখা তোমার সাথে, স্বপ্ন ছিল চোখে-  
সে দিন আর নেই! প্রতিদিনের সাথে বাস্তবের রূপ দেখে  
সীমাহীন চলার পথে জীবনের কর্মকাণ্ডে নতুন আকাঙ্ক্ষায়  
তোমার কমনীয় স্মৃতি বারে গেছে কখন কেশোর সন্ধ্যায় !

উদ্যমহীনতায় যখন ক্লান্ত দেহ আলস্যের মেঘে পড়ে ঢাকা  
স্মৃতির আঁধারে অকারণে মন ঘুরে বেড়ায়, লাগে ফাঁকা ফাঁকা।  
কখনও অজ্ঞাত কারণে জুলে ওঠে আলো  
তোমার স্মৃতি তখন আসে ভেসে, ক্ষণিক লাগে ভালো !

অতীত এসেছি ফেলে, এ জীবন বর্তমানের দেশ  
তথাপি অতীত কেন মিছে দেয় ক্লেশ ?  
পুরানো কিছু ভালো লাগা সম্বন্ধের রেশ  
ঝকঝকে রাখা কেন ঘটনা বিশেষ ?

থ'রে রাখার ব্যাকুলতা-জীবন যেন এই  
তথাপি নির্দয় সময় বাস্তবের ব্যাপকতায় থামে না তো কৈ?  
সময় প্রবহমান, ফেলে আসে পিছনের দেশ  
বেঁচে থাকে নমনীয় অতীত, স্মৃতি ঐশ্বর্যময় স্বপ্ন বিশেষ !